

যশোর বোর্ডের ১১টি

কলেজকে শোকজ

উচ্চ মাধ্যমিকে ভর্তিতে প্রতারণা

■ যশোর অফিস

উচ্চ মাধ্যমিকে ভর্তিতে প্রতারণার অভিযোগে যশোর শিক্ষা বোর্ডের ১১টি কলেজকে শোকজ করা হয়েছে। শোকজপ্রাপ্ত কলেজগুলো হলো: যশোরের চৌগাছা উপজেলার পাশাপোল আম জ্বামতলা কলেজ, জিসিবি কলেজ, এবিসিডি কলেজ, চৌগাছা ডিগ্রি কলেজ, মুখাপাড়া ডিগ্রি কলেজ, হাকিমপুর মহিলা কলেজ, যশোর সদর উপজেলার বসুন্ধিয়া কুল অ্যান্ড কলেজ ও তালবাড়িয়া ডিগ্রি কলেজ, সাতফীরার কনারোয়া উপজেলার 'ইঞ্জিনিয়ার' শেখ মুজিবুর রহমান কলেজ, খুলনার পাইকগাছার লক্ষীপাশা কলেজিয়েট কুল অ্যান্ড কলেজ এবং মাওরা শালিখার আড়পাড়া কলেজ।

যশোর শিক্ষা বোর্ড সূত্র জানায়, শিক্ষার্থীদের না জানিয়ে আগেই অনলাইনে আবেদন করায় বিপাকে পড়ে বোর্ডের ছয় শতাধিক ভর্তিচ্ছ শিক্ষার্থী। তারা ভর্তির আবেদন করতে গিয়ে দেখতে পায় আগেই তাদের আবেদন করা হয়েছে। শিক্ষার্থীদের এমন অভিযোগের ভিত্তিতে বোর্ডের উপজেলা পর্যায়ের ১১টি কলেজের কর্তৃপক্ষকে শোকজ করা হয়েছে।

যশোর শিক্ষা বোর্ডে আসা রওশন আরা রশনি ও ফাতেমা তুজ জোহরা জানান, আমরা পছন্দের কলেজে ভর্তি হতে চাই। কিন্তু কে বা কারা অনলাইনে আমাদের ভর্তি ফরম পূরণ করে দিয়েছে। এজন্য আমরা আবেদন করতে পারছি না।

যশোর শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক অমল কুমার বিশ্বাস জানান, ভর্তি প্রতারণার সঙ্গে জড়িত ১১টি কলেজ কর্তৃপক্ষকে শোকজ করা হয়েছে। এর মধ্যে ৭টি কলেজ শোকজের জবাব দিয়েছে। সোমবার আরো ৪টি কলেজকে তিন দিনের মধ্যে শোকজের জবাব দিতে বলা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষ এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন।

অমল কুমার বিশ্বাস জানিয়েছেন, অনলাইনে আবেদন করতে না পারা শিক্ষার্থীরা বোর্ডে আবেদন করছে। সংশোধনের পর তারা আবেদন করতে পারছে। আগামী ২৫ জুন পর্যন্ত অনলাইনে ভর্তির আবেদন করা যাবে।